

হেমন্তিকা: -

বছরের ছয়টি ঋতুর মধ্যে চতুর্থ ঋতু হলো হেমন্ত ঋতু। এই ঋতুতে প্রকৃতির রূপ ও তার প্রভাব উপলব্ধি করে এই গানটি গাওয়া।

জাগো জাগো এই প্রভাতে

অনুভব করো আমাকে

চেয়ে দেখো ঐ আকাশে

মাঠে ঘাটে প্রকৃতিকে

আমি হেমন্তিকা __

আমি হেমন্তিকা এসেছিগো তোমাদেরই মাঝে

খুলিয়া দাও তব দ্বার টানিয়া লও গো কাছে

হিমেল হাওয়ায়, দুলিছে দোলায়,

প্রকৃতির গাছপালা।

অপরাজিতা, মাধবীলতায়,

গাঁথিবো যতনে মালা।।

দূর গগনে ঝিকিমিকি তারা,

বলিতেছে কানে কানে।

"দু'চোখ ভরিয়া উপভোগ করো,

চাহিয়া মোদের পানে", হেমন্তিকা__।।

অম্বানেতে উঠিবে গোলায় ,

ক্ষেতের নতুন ধান্য।

রৌদ্র ছায়ার লুকোচুরিতে,

পালিত কৰো নবান্ন।।

হৃদয়ে বাজিবে ডমৰু তোমার,

নতুন সাজে সীমন্তীনী।

সাদা মেঘের ভেলা ভাসিবে,

শুনিবে তার পদধ্বনি, হেমন্তিকা_।।

সাধনা রায় ব্যানার্জী। ২৯/১০/২১.